পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

৩১০/বাউবি/পরীক্ষা/এমবিএ/সময়সূচী/০৭/ ৩৯০২

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র।

অতীব জরুরী

বিষয় ঃ MBA প্রোগ্রাম ২২২ টার্ম (২য় ও ৪র্থ লেভেল) পরীক্ষার্থীদের উপস্থিতির জন্য ছবিযুক্ত স্বতন্ত্র হাজিরাশীট ব্যবহার ও প্রিন্টকরণ প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত MBA প্রোগ্রাম ২২২ টার্ম (২য় ও ৪র্থ লেভেল) পরীক্ষা ২১/১১/২০২৫ থেকে শুরু হতে যাচ্ছে। উক্ত পরীক্ষায় পরীক্ষার্থীদের ছবিযুক্ত স্বতন্ত্র হাজিরাশিটে স্বাক্ষর করতে হবে। ছবিযুক্ত হাজিরাশীট আগামী ১৯/১১/২০২৫ তারিখ আঞ্চলিক কেন্দ্রের ই-মেইলে প্রেরণ করা হবে। আঞ্চলিক পরিচালক সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে ই-মেইলের মাধ্যমে হাজিরাশীট প্রেরণ করবেন এবং পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সমন্বয়কারী সাদা-কালো ছবিযুক্ত স্বতন্ত্র হাজিরাশীট প্রিন্ট দেয়ার ব্যবস্থা করবেন। এ ছাড়া শিক্ষার্থীরা ছবিযুক্ত এডমিট কার্ড তাদের ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে osapsnew.bou.ac.bd হতে ডাউনলোড ও প্রিন্ট করে পরীক্ষার সময় সঙ্গে আনবেন।

ছবিযুক্ত সাদা কালো হাজিরাশীট প্রিন্ট খরচ বাবদ প্রতি পৃষ্ঠা ৫/- (পাঁচ) টাকা হারে কেন্দ্র ফি এর সাথে প্রদান করা হবে। আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগযোগ করে উল্লিখিত হাজিরাশীট প্রিন্ট সম্পন্ন হয়েছে মর্মে আগামী ২০/১১/২০২৫ তারিখ দুপুরের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়কে অবহিত করতে হবে।

এমতাবস্থায়, হাজিরাশীট প্রিন্টের বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সমন্বয়কারী ও শিক্ষার্থীদের অবহিতকরণ এবং নিম্ন স্বাক্ষরকারীকে নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ,

১৮/১১/২০২৫

(মোঃ হাবিবুল্যাহ মাহামুদ)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং ৪৬০
তারিখঃ ২০/১১/২৫
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/
...প্রোগ্রামার/ASANA
সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
...প্রোগ্রামার/AHME

অনুলিপি ঃ অবগতির জন্য

| | |
|---|---|
| ১। | ডীন, এসওবি, বাউবি। |
| ২। | পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি। |
| ৩। | পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।) |
| ৪। | যুগ্ম-পরিচালক, প্রো-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর, [প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য] বাউবি । |
| ৫। | সংরক্ষণ নথি। |



১৮/১১/২০২৫